

“খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রস্তুতকরণ বিষয়ে অনুষ্ঠিত সেমিনারের রিপোর্ট”

তারিখঃ ২১.০৪.২০২২খ্রি.

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

স্থানঃ অনলাইন ভিডিও কনফারেন্সিং সিস্টেম (জুম) এর মাধ্যমে।

খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রস্তুতকরণ বিষয়ে ২১.০৪.২০২২খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকা অনলাইন ভিডিও কনফারেন্সিং সিস্টেম (জুম) এর মাধ্যমে সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে মুখ্য আলোচক ড. মোছাম্মৎ নাজমানারা খানুম, সচিব, খাদ্য মন্ত্রণালয় অংশগ্রহণকারী সকল সদস্যকে স্বাগত জানিয়ে সেমিনারের শুভ উদ্বোধন করেন।

উক্ত সেমিনারে আলোচক হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মজিবর রহমান, অতিরিক্ত সচিব (প্রশাসন) এবং জনাব খুরশীদ ইকবাল রেজভী, অতিরিক্ত সচিব (পরিকল্পনা এবং উন্নয়ন) খাদ্য মন্ত্রণালয়। প্রবন্ধ উপস্থাপক হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ শাহ নেওয়াজ তালুকদার, অতিরিক্ত সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সঞ্চালক হিসাবে উপস্থিত ছিলেন জনাব সৌরেন্দ্র নাথ সাহা, উপসচিব ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। এছাড়াও অংশগ্রহণকারী হিসাবে খাদ্য মন্ত্রণালয়ের ১ম শ্রেণীর সকল কর্মকর্তা, খাদ্য অধিদপ্তরের মহাপরিচালক, শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান, শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপস্থিত ছিলেন।

প্রবন্ধ উপস্থাপনঃ খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রস্তুতকরণ বিষয়ক সেমিনারের প্রবন্ধ উপস্থাপন করেন জনাব মোঃ শাহ নেওয়াজ তালুকদার, অতিরিক্ত সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়। আলোচনাপর্বে প্রবন্ধ উপস্থাপক প্রথমে খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার সকল কার্যক্রম উপস্থাপন করেন। পরবর্তীতে দুর্নীতি ও সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক কার্যক্রম নং-৩.১, ৩.২, ৩.৩ এবং ৩.৪ এর নতুন কার্যক্রম গ্রহণ করার জন্য অত্র মন্ত্রণালয়ের প্রতিটি অনুবিভাগ কর্তৃক প্রেরিত কার্যক্রম বিষয়সহ যে সকল কার্যক্রম গ্রহণ করলে দুর্নীতি এবং সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক হবে এমন কার্যক্রম গ্রহণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। খাদ্য অধিদপ্তর এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা প্রস্তুত করে আগামী ২৮.৪.২০২২খ্রি. তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল পূর্বক ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ প্রদান করেন।

অতঃপর প্রবন্ধ উপস্থাপক খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও প্রমাণক নির্ধারণ বিষয়ে বিভিন্ন মতামত তুলে ধরেন এবং ৩.১, ৩.২ ও ৩.৪ এর কার্যক্রম সমূহ নির্ধারণের বিষয়ে অতিরিক্ত সচিব (সংগ্রহ ও সরবরাহ), অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), অতিরিক্ত সচিব (অডিট ও বাজেট), মহাপরিচালক (এফপিএমইউ) মতামত তুলে ধরে কার্যক্রম নির্ধারণের জন্য বিভিন্ন সুপারিশ প্রস্তাব করেন।

#### প্যানেল আলোচকদের আলোচনাঃ

মুখ্য আলোচক ড. মোছাম্মৎ নাজমানারা খানুম উপস্থাপিত প্রবন্ধের উপর বিভিন্ন মতামত তুলে ধরেন। তিনি বলেন যে, সমসাময়িক সময়ের কর্মযোগ্যের অতীত গুরুত্বপূর্ণ বিষয়টির গুরুত্ব বিবেচনায় এনে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনাও একটি উল্লেখযোগ্য উদ্ভাবনী কার্যক্রম। তিনি খাদ্য মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অর্থবছরের কার্যক্রম নং-১.৫, কার্যক্রম নং-২.৪, কার্যক্রম নং-২.৫, কার্যক্রম নং-৩.১, কার্যক্রম নং-৩.২, কার্যক্রম নং-৩.৩ এবং কার্যক্রম নং-৩.৪ এর বিষয়ে লক্ষ্যমাত্রা ও প্রমাণক নির্ধারণ বিষয়ে মূল্যবান মতামত ব্যক্ত করেন।

#### মুক্ত আলোচনাঃ

মুক্ত আলোচনা পর্বে মহাপরিচালক খাদ্য অধিদপ্তর জনাব মোঃ শাখাওয়াত হোসেন, অতিরিক্ত সচিব (প্রশাসন) মোঃ মজিবর রহমান, অতিরিক্ত সচিব (অডিট ও বাজেট) ড. সালমা মমতাজ, অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব খুরশীদ ইকবাল রেজভী, মহাপরিচালক (এফপিএমইউ) জনাব মোঃ শহীদুজ্জামান ফারুকী, খাদ্য মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জনাব আব্দুল কাইউম সরকার ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার দুর্নীতি ও সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক কার্যক্রম গ্রহণ এবং কর্মপরিকল্পনা প্রস্তুতকরণ বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত ব্যক্ত করেন।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশাসন-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mofood.gov.bd](http://www.mofood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০১৪.৩২.০০২.২২.১৩১

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৯  
০৯ মে ২০২২

অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

৯-৫-২০২২

সৌরেন্দ্র নাথ সাহা

উপ সচিব

ফোন: +৮৮০২৯৫৪০১৫৬

ফ্যাক্স: +৮৮০২৯৫১৫০২৫

ইমেইল:

[dssupply2@mofood.gov.bd](mailto:dssupply2@mofood.gov.bd)

- ১) অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
- ৩) মহাপরিচালক (ব্লুটিন দায়িত্ব), খাদ্য অধিদপ্তর
- ৪) যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
- ৫) উপ-সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
- ৬) সিস্টেম এনালিস্ট/সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব
- ৭) গবেষণা পরিচালক/সহযোগী গবেষণা পরিচালক/গবেষণা কর্মকর্তা/ডকুমেন্টেশন অফিসার
- ৮) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয় (ওয়েব সাওটে প্রকাশের জন্য)।